


# যুগান্তর

## নতুন নিয়মে দাওরায়ে হাদিসের প্রশ্ন পাবে হল তত্ত্বাবধায়ক

প্রকাশ : ২৬ এপ্রিল ২০১৯, ১৯:৫৩ | অনলাইন সংস্করণ

 হাটহাজারী (চট্টগ্রাম) প্রতিনিধি



কওমি মাদ্রাসাগুলোতে শনিবার থেকে আগের রুটিনে পরীক্ষা চলবে। আবু দাউদ শরিফের পরীক্ষা ১ মে অনুষ্ঠিত হবে। তহাবী শরিফের পরীক্ষা ২ মে (বৃহস্পতিবার) দুপুর ২টা থেকে বিকাল ৫টা পর্যন্ত চলবে। ৩ মে পরীক্ষা শেষ হবে।

পরীক্ষা স্থগিত ও প্রশ্নফাঁসের ঘটনার প্রেক্ষিতে রাজধানীর সেগুনবাগিচায় বৃহস্পতিবার রাতে আল হাইয়াতুল উলইয়া লিল জামিয়াতিল কওমিয়া বাংলাদেশ কর্তৃপক্ষের জরুরি বৈঠকে এ সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

নতুন নিয়মে দাওরায়ে হাদিসের প্রশ্ন পাবে হল তত্ত্বাবধায়ক

বৈঠক শেষে জানানো হয়, প্রশ্নফাঁস রোধে তথ্যপ্রযুক্তির সহযোগিতায় তত্ত্বাবধায়কের কাছে প্রশ্ন পাঠানো হবে।

সাংবাদিকদের আল হাইয়াতুল উলইয়া লিল জামিয়াতিল কওমিয়া বাংলাদেশের সদস্য মাওলানা মুসহেছদ্দিন রাজু জানান, প্রশ্নফাঁস রোধে আইনশৃঙ্খলা বাহিনীর সঙ্গে কথা হয়েছে এবং সম্পূর্ণ নতুন নিয়মে প্রশ্ন পাঠানো হবে।

সংস্থাটির কো-চেয়ারম্যান আল্লামা আশরাফ আলীর সভাপতিত্বে বৈঠকে উপস্থিত ছিলেন সদস্য মুফতি ওয়াক্কাস, মুফতি রুহুল আমিন, মাওলানা আবদুল কুদ্দুস, মাওলানা মুসলিহ উদ্দীন রাজু, মাওলানা বাহাউদ্দীন যাকারিয়া, মুফতি ফয়জুল্লাহ, মুফতি এনামুল হক, মুফতি মুহাম্মদ আলী, মাওলানা আবদুল হামিদ (পীর শধুপুর), মাওলানা মাহফুজুল হক ও মুফতি নুরুল আমিন প্রমুখ।

এর আগে প্রশ্নফাঁসের অভিযোগ ওঠায় সম্মিলিত কওমি মাদ্রাসা শিক্ষাবিষয়ক সংস্থা হাইয়াতুল উলইয়ার চলমান দাওরায়ে হাদিস (তাকমিল) পরীক্ষা বাতিল হওয়ার পর গত ২৩ এপ্রিল (মঙ্গলবার) থেকে পুনরায় পরীক্ষা শুরু হয়।

প্রসঙ্গত, জাতীয় সংসদে ‘কওমি মাদ্রাসাসমূহের দাওরায়ে হাদিসের সনদকে আল হাইয়াতুল উলইয়া লিল জামিয়াতিল কওমিয়া বাংলাদেশ’ এর অধীনে মাস্টার্স ডিগ্রি (ইসলামিক স্টাডিজ ও আরবি) সমমান প্রদান বিল-২০১৮ পাস করার পর প্রথমবারের মতো কেন্দ্রীয় পরীক্ষা অনুষ্ঠিত হতে যাচ্ছে।

চলতি বছরে দেশের ৬টি কওমি মাদ্রাসাভিত্তিক শিক্ষা বোর্ড থেকে প্রায় ২৬ হাজার ৭২১ শিক্ষার্থীর আল হাইয়াতুল উলইয়া লিল জামিয়াতিল কওমিয়া বাংলাদেশের কেন্দ্রীয় এ পরীক্ষায় অংশগ্রহণ করছে। গত ৮ এপ্রিল থেকে দাওরায়ে হাদিসের পরীক্ষা আরম্ভ হয়ে ১৮ এপ্রিল পরীক্ষা শেষ হওয়ার কথা ছিল।

২০১৭ সালের ১১ এপ্রিল প্রধানমন্ত্রী শেখ হাসিনা কওমি শিক্ষা সনদের মান ঘোষণা করার পর হাইয়াতুল উলইয়ার অধীনে ৬ বোর্ডের সম্মিলিত দাওরায়ে হাদিসের পরীক্ষা ইতিপূর্বেও দুবার (১৬-১৭ ও ১৭-১৮ শিক্ষাবর্ষ) অনুষ্ঠিত হয়েছে।

---

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

---

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।